



# কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কোটবাড়ী, কুমিল্লা

স্মারক কু:বি:/জন ও তথ্য/০১ /প্র:বি./ ২০০৯/ ৩১৯

তারিখ: ২৭/০২/২০২৩খ্রি.

## প্রেস বিজ্ঞপ্তি

### কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে মশক নিধন অভিযান

কুমিল্লা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও হলসমূহকে ডেঙ্গুর প্রকোপ থেকে মুক্ত রাখতে যৌথভাবে দিনব্যাপি মশক নিধন অভিযান পরিচালনা শুরু করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন ও কুমিল্লা সিটি কর্পোরেশন। আজ সোমবার (২৭ ফেব্রুয়ারি) বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবনের সম্মুখ থেকে শুরু করে ড্রেনসহ মশার উপদ্রব আছে এমন জায়গায় এই অভিযান পরিচালনা করা হবে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এ এফ এম আবদুল মঈন কুমিল্লা সিটি কর্পোরেশনের মেয়রকে মশক নিধন অভিযানে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। এর পরিপ্রেক্ষিতে সিটি কর্পোরেশন উড়ন্ত মশা নিধনের জন্য ২টি হকার মেশিন এবং ড্রেনের মশা নিধনের জন্য ২টি হান্ট মেশিনসহ লোকবল প্রেরণ করে। এছাড়াও আবাসিক হলগুলোতে মশক নিধন ঔষধ ছিটানো হয়।

(মোহাম্মদ এমদাদুল হক)  
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)  
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা-৩৫০৬

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ট্রেজারার ( ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি